

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
শার্শা, যশোর।

www.dae.sharsha.jessore.gov.bd

স্মারক নং- ১২.০১.৪১৯০.০০০.০০১.১৮.০০০১.২৬.২০৪

তারিখঃ ২৬/১২/২১

বিষয়ঃ চলতি বোরো মৌসুমে সার পরিস্থিতি মনিটরিং জোরদারকরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, চলতি বোরো মৌসুমে আপনার ব্লক/ইউনিয়নের বিসিআইসি ও বিএডিসি সার ডিলার এবং সব ডিলারের অনুকূলে বরাদ্দকৃত ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সার উত্তোলন, মজুদ এবং নির্ধারিত মূল্যে কৃষক পর্যায়ে নিরবিচ্ছিন্নভাবে সরবরাহ করার জন্য নিম্নবর্ণিতভাবে নির্দেশনা প্রদান করা হলো।

নির্দেশনাবলীঃ

- ১। আবশ্যিকভাবে বিক্রয় কেন্দ্রের দর্শনীয় স্থানে লাল সালু কাপড়ে সারের সরকার নির্ধারিত মূল্য তালিকা প্রদর্শন করতে হবে।
- ২। নিয়ম অনুযায়ী বিক্রয়/বিতরণ ও স্টক রেজিস্টার লিপিবদ্ধ করতে হবে।
- ৩। সঠিকভাবে মেমো লিবিবদ্ধ করতে হবে (মেমোয় ক্রেতার মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে) এবং ক্যাশ মেমোর মাধ্যমে সার বিক্রয় নিশ্চিত করতে হবে।
- ৪। সরকারী বিধি মোতাবেক সার উত্তোলন, মজুদ ও বিক্রয় করতে হবে।

উল্লেখ্য যে, সার উত্তোলন, মজুদ, বিপণন এবং কৃষক পর্যায়ে সরবরাহের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হলে তাৎক্ষণিকভাবে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হলো। “বিষয়টি অতীব জরুরী”

প্রাপক,
উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল ব্লক)
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
শার্শা, যশোর।


(দীপক কুমার সাহা)
উপজেলা কৃষি অফিসার
শার্শা, যশোর।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণঃ

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর।
- ৩। কৃষি সম্প্রসারণ অফিসার, অত্র দপ্তর।
- ৪। অফিস নথি।


২৬/১২/২১